গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. হুমায়রা সুলতানা
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও এপিএ টিম প্রধান।
সভার তারিখ : ১৮.০৬.২০২৩ খ্রিঃ
সভার সময় : সকাল ১১.৩০ টা
স্থান :ভার্চুয়াল প্লাটফর্ম (জুম এ্যাপ)
সভার উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তগণের তালিকা (পরিশিষ্ট-ক) সদয় দ্রষ্টব্য।

সভাপতি ভার্চুয়াল প্লাটফর্ম (জুম এ্যাপ) এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচনা শুরু করার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক সদস্য সচিব এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার বিষয়বস্তু উপস্থাপনের অনুরোধ করেন।

২. সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব আফরিন মোহাম্মদ আঁখি সভাকে অবহিত করেন যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা এবং জবাবদিহিতা বৃদ্ধিতে সেবা প্রদান প্রতিশ্রুতির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্ধারিত সময়ের মধ্যে দুর্নীতিমুক্ত ও হয়রানিমুক্ত সেবা সেবা গ্রহীতার কাছে পৌঁছে দেয়া সেবা প্রদান প্রতিশ্রুতির অন্যতম উদ্দেশ্য। সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা,২০২২-২৩ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল,২৩- জুন,২৩) অগ্রগতি অবহিত করেন যা নিম্নরূপ:

| ক্র. নং | আলোচনার বিষয় | ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। |
| ২. | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। |
| ৩. | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন করা হয়েছে। |
| ৪. | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | এই কার্যক্রমের আওতায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ৫. | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দুইটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। |
| ৬. | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে দুইটি সভা হয়েছে। |

৩. সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা,২২-২৩ এর ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১৫ জুলাই,২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং এবিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পরিবীক্ষণ প্রতিবেদন আগামী ৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
- যে সকল দপ্তর/সংস্থা ২০২২-২৩ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আহবান করেননি তাদের চলতি মাসের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আহবান করতে হবে। যেসকল সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয় নেই; সেসকল সংস্থা কর্তৃক স্বস্ব সংস্থার সেবা গ্রহীতাদের সমন্বয়ে সভা আহবান করতে হবে।

- এবিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা,২০২২-২৩ এর সকল সূচকের প্রমাণক আগামী ১৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর প্রেরণ করতে হবে।

৪. সেবা গ্রহিতা যেন অনলাইনে চাহিদামাফিক আবেদন ফরম প্রাপ্ত হন সেজন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সেই আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতির সংশ্লিষ্ট সেবাতে আবেদন ফর্মের লিংক দেয়ার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন।

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৬/২০২৩

(ড. হুমায়রা সুলাতানা)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
ও এপিএ টিম প্রধান
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্মারক নং: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২০.১৬০ক

তারিখ: ১৯/০৬/২০২৩ খ্রি:

১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।
২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।
৩। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৫। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।
৬। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)
৯। উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০। উপসচিব (প্রশাসন-১)/ (প্রশাসন-২)/(উন্নয়ন)/ বাজেট/ প্রতিষ্ঠান-১/ প্রতিষ্ঠান-২/ এপিএ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল দপ্তর/সংস্থা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৯/০৬/২০২৩

(আফরিন মোহাম্মদ আঁখি)
প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

স্মারক নং- ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২০.১৫৬

৩১ জৈষ্ঠ্য, ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------------
১৪ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ

# সভার নোটিশ

আগামী ১৮ জুন, ২০২৩ তারিখ সকাল ১১:৩০ টায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন ড. হুমায়রা সুলতানা, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

০২। উক্ত সভায় এবিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির সকল সদস্য এবং দপ্তর সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সদস্যবৃন্দকে জুম এ্যাপের মাধ্যমে যুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**Zoom ID: 4413523066**
**Password: 112233**

১৪/০৬/২০২৩
(আফরিন মোহাম্মদ আঁখি)
প্রোগ্রামার ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
E-mail: programmer@rdcd.gov.bd

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।
২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।
৩। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৫। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।
৬। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)।
৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সদস্যদের ভার্চুয়ালি সংযুক্ত থাকার অনুরোধসহ

৯। উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০। উপসচিব (প্রশাসন-১)/ (প্রশাসন-২)/(উন্নয়ন)/ বাজেট/ প্রতিষ্ঠান-১/ প্রতিষ্ঠান-২/ এপিএ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল দপ্তর/সংস্থা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৪/০৬/২০২৩
(আফরিন মোহাম্মদ আঁখি)
প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ